

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দাবুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

তারিখ : ১৫ জুলাই, ২০২৫ খ্রি.

প্রেস রিলিজ

ঢাকা, ১৫ জুলাই, ২০২৫

বিসিএস কর্মকর্তাদের জন্য রিফ্রেশার কোর্সের সমাপন ও সনদপত্র বিতরণ আজ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়।

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মাহবুবা ফারজানা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অংশগ্রহণকারী কর্মকর্তাদের মাঝে সনদপত্র বিতরণ করেন। তিনি সপ্তাহব্যাপী প্রশিক্ষণ পাঠ্যধারা সফলভাবে শেষ করায় প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের অভিনন্দন জানান।


তথ্য ও সম্প্রচার সচিব প্রশিক্ষণলব্ধ সৃজনমূলক জ্ঞান নতুন বাংলাদেশ বিনির্মাণে ফলপ্রসূ ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক মুহম্মদ হিরুজ্জামান, এনডিসি (অতিরিক্ত সচিব) সমাপন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

মহাপরিচালক জুলাই বিপ্লবের চেতনায় বাংলাদেশ পুনর্গঠনে প্রশিক্ষণার্থীদের জ্ঞান, অভিজ্ঞতা ও নিজ নিজ সৃজনশীলতাকে কাজে লাগাতে কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান।

অন্যান্যের মধ্যে ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) এবং পাঠ্যধারা উপদেষ্টা ড. মো. মারুফ নাওয়াজ, পাঠ্যধারা পরিচালক তানিয়া খান সমাপন অনুষ্ঠানে বক্তৃতা করেন।

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ধীন বিভিন্ন দপ্তরের মোট ১৭ জন কর্মকর্তা প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন।


আবদুল হান্নান

জনসংযোগ কর্মকর্তা,
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।

বিতরণ:

- ০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা।
- ০২। মূখ্য বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার/বাংলাদেশ সংবাদ সংস্থা/এটিএন বাংলা/.....।
- ০৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। সংশ্লিষ্ট নথি।